

## গ্রিন ইউনিভার্সিটির নতুন উপ-উপাচার্য হলেন ড. খাজা ইফতেখার উদ্দিন আহমেদ

প্রেস রিলিজ

২৫ জুলাই ২০২৩ ০৮:১৫ পিএম | আপডেট: ২৫ জুলাই ২০২৩ ০৮:১৫ পিএম



অধ্যাপক ড. খাজা ইফতেখার উদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

advertisement..

গ্রিন ইউনিভার্সিটি অব বাংলাদেশের উপ-উপাচার্য হিসেবে যোগদান করেছেন অধ্যাপক ড. খাজা ইফতেখার উদ্দিন আহমেদ। আজ মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ে আয়োজিত আড়ম্বরপূর্ণ এক অনুষ্ঠানের মধ্য দিয়ে তাকে বরণ করে নেয় বিশ্ববিদ্যালয় পরিবার।

এর আগে গতকাল সোমবার বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন অনুযায়ী ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিকের এই অধ্যাপককে ৪ বছরের জন্য নিয়োগ দিয়ে আদেশ জারি করে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ।

## advertisement

এদিকে উপ-উপাচার্য হিসেবে নিয়োগ পাওয়ায় অধ্যাপক ড. খাজা ইফতেখার উদ্দিন আহমেদকে অভিনন্দন জানিয়েছেন বিশ্ববিদ্যালয়টির উপাচার্য অধ্যাপক ড. মো. গোলাম সামদানী ফকির, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. ফায়জুর রহমান, রেজিস্ট্রার ব্রিগেডিয়ার জেনারেল মো. মাহবুব সরওয়ার, পিএইচডি (অব.) ও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিনরা।

শিক্ষাজীবনে ড. খাজা ইফতেখার উদ্দিন আহমেদ বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিদ্যালয়ের (বুয়েট) ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং থেকে বিএসসি ও এমএসসি সম্পন্ন করেন। ২০০৫ সালে যুক্তরাষ্ট্রের অ্যারিজোনা স্টেট ইউনিভার্সিটি থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন তিনি।

পেশাগত জীবনে অধ্যাপক খাজা ইফতেখার ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারপার্সন, ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স অ্যান্ড কোঅপারেশন এবং আইকিউএসির পরিচালকসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ একাডেমিক ও প্রশাসনিক পদে দায়িত্ব পালন করেছেন। ইউআইইউ ছাড়াও আহছানউল্লা ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি এবং এআইইউবিসহ বাংলাদেশ ও বিশ্বখ্যাত একাধিক বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা ও গবেষণার অভিজ্ঞতা রয়েছে।

তার প্রকাশিত গবেষণা প্রবন্ধের সংখ্যা ১৭টি। জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের অন্তত ৩৫টি কনফারেন্সে অংশগ্রহণ করেছেন তিনি। তার প্রকাশিত বইয়ের নাম ‘চ্যানেল এন্টিমেশন অফ ওয়্যারলেস চ্যানেলস: ইফেক্ট অন দ্য পারফরম্যান্স অফ মাল্টিকারিয়ার অ্যান্ড মিমো সিস্টেমস।’

অধ্যাপক খাজা ইফতেখার অ্যারিজোনা স্টেট ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে গ্র্যাজুয়েট টিচিং অ্যাসিস্ট্যান্ট বৃত্তি লাভ করেন। একই বিশ্ববিদ্যালয়ে অসামান্য একাডেমিক কৃতিত্বের জন্য তিনি ‘ফি কাপ্লা ফি’ এবং ‘দ্য ন্যাশনাল সোসাইটি অফ কলেজিয়েট স্কলারস’-এর সদস্য নির্বাচিত হন।

নতুন উপ-উপাচার্য হিসেবে দায়িত্ব গ্রহণের পর সবার সহযোগিতায় গ্রিন ইউনিভার্সিটিকে উত্তোরত্তর এগিয়ে নেয়ার প্রত্যাশা ব্যক্ত করেন অধ্যাপক ড. খাজা ইফতেখার উদ্দিন আহমেদ।